

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
৩/এ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।

স্মারক নং-৩১.০০.০০০০.০৯১.১১.০০১.২০-১১

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং” প্রকল্পের অধীনে স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক (Individual Local Consultant) হিসাবে নিম্নবর্ণিত পদে প্রকল্প মেয়াদকালীন চুক্তিভিত্তিক নিয়োগের জন্য পাশ্বে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এ প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে বর্ণিত হারে মাসিক সম্মানী প্রাপ্ত হবেন।


ক্র: নং	স্থানীয় পরামর্শকের পদবী	সংখ্যা	যোগ্যতা
১.	টিম লিডার/চিফ টেকনিক্যাল এক্সপার্ট	১ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। প্রকল্প ব্যবস্থাপনা, ভূমি ও প্রশাসনিক কাজে কমপক্ষে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কাজ করা এবং রিপোর্ট প্রণয়নে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা থাকতে হবে। সাংগঠনিক এবং টিম লিডার হিসেবে মাল্টি ডিসিপ্লিনারি পেশাদার একটি দল পরিচালনার ক্ষেত্রে অভিজ্ঞতা থাকতে হবে। ল্যান্ড ইউজ সার্ভে, ল্যান্ড জোনিং কার্যক্রম এবং প্রশাসনিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে।
২.	পরিবীক্ষণ ও মূল্যায়ন স্পেশালিস্ট	১ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। তাঁর উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। টেকসই ভূমি ব্যবস্থাপনা, ভূমি প্রশাসন, শহর ও আঞ্চলিক পরিকল্পনা মূল্যায়নের অভিজ্ঞতা থাকতে হবে। পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এ পারদর্শিতা বাধ্যতামূলক।
৩.	জিআইএস এ্যান্ড রিমোট সেন্সিং স্পেশালিস্ট	৩ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিআইএস/ ভূগোল/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস/রিমোট সেন্সিং এবং ভূমি ব্যবহার মানচিত্র প্রণয়নের ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। ArcGIS, Erdas Imagine, ওরাকল, এসকিউএল সার্ভার, পিএইচপি প্রোগ্রামিং এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার সম্পর্কে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকতে হবে। জিআইএস এবং রিমোট সেন্সিং স্পেশালিস্ট হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। নগর ও অঞ্চল পরিকল্পনা এবং একই ধরনের প্রকল্পে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৪.	অফিস এন্ড ফাইন্যান্স ম্যানেজার	১ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অ্যাকাউন্টিং/ ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রি থাকতে হবে। প্রকল্পের আর্থিক বিষয়াদি বাস্তবায়ন ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অফিস এন্ড ফিন্যান্স ম্যানেজার হিসেবে ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। নগর ও অঞ্চল পরিকল্পনা এবং অনুরূপ প্রকৃতির প্রকল্পে অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক।
৫.	ডেটা এনালিস্ট/ প্রোগ্রামার	১ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/পরিসংখ্যান/গণিত বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন হতে হবে। কম্পিউটার প্রোগ্রামিং, সফটওয়্যার ও ওয়েবসাইট প্রণয়ন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডেটা এনালিস্ট হিসেবে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১৬

ক্র: নং	স্থানীয় পরামর্শকের পদবী	সংখ্যা	যোগ্যতা
			নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং অনুরূপ প্রকল্পের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
৬.	জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিস্ট	৪ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিআইএস/ভূগোল/পুর কৌশলে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস ও রিমোট সেন্সিং, ভূমিব্যবহার ও জোনিং মানচিত্র প্রণয়ন, ArcGIS এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিস্ট হিসেবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং সমজাতীয় প্রকল্পের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৭.	ডাটা প্রসেসর (উপাত্ত প্রক্রিয়াকারী)	৩ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অনুরূপ সরকারি/আধাসরকারি প্রকল্পে কাজের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক।
৮.	গবেষণা সহযোগী (Research Associate)	১২ জন	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিজ্ঞান/ মৎস্য/প্রাণিবিদ্যা/ বন বিদ্যা/ উদ্ভিদবিদ্যা/ সমাজ বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। তথ্য সংগ্রহ, সংকলন ও প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদানে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক।

আবেদনপত্র প্রেরণের শর্তাবলী :

- ভূমি মন্ত্রণালয় এর ওয়েব সাইট (www.minland.gov.bd) হতে আবেদনপত্র ও জীবন-বৃত্তান্ত সংক্রান্ত নির্ধারিত ছক ডাউনলোড করে তা পূরণপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। অন্যান্য তথ্যাদি এই ওয়েব সাইটে পাওয়া যাবে।
- আগামী ০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে সম্বোধন করে আবেদনপত্র প্রকল্প পরিচালক, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প, ৩/এ নীলক্ষেত (২য় তলা), বাবুপুরা, ঢাকা-১২০৫ এর কার্যালয়ে ডাক যোগে পৌঁছাতে হবে।
- আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬৭ (সাতষট্টি) বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে।
- আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ক্রটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে এবং এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে এবং ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- যে কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কেবল মাত্র Short listed প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।



(মোঃ কফিল উদ্দিন)

প্রকল্প পরিচালক

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল

ভূমি জোনিং প্রকল্প

ভূমি মন্ত্রণালয়।